

বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড

প্রশাসন বিভাগ

সংস্থাপন শাখা

রাজশাহী

স্মারক নং-বারেউবো/রাজ/প্রশা/কেস-০৮/২০১৫/২০১৯/ ৯) ৬৬


তারিখঃ ১৫/০৯/২০১৯

অফিস আদেশ

জেনারেল রেশম সম্প্রসারণ কার্যালয় ভোলাহাটে কর্মরত জনাব মোঃ সাইফুল ইসলাম, হিসাব রক্ষক (সাময়িক বরখাস্ত) আঞ্চলিক রেশম সম্প্রসারণ কার্যালয়, যশোহরে কর্তব্যকালীন তাঁর বিরুদ্ধে বোর্ডের গত ০৩-০৯-২০১৫ তারিখের স্মারক নং-২৪.০৬.০০০০.০০৬.২৭.০০১.১৫.৭৩২ মোতাবেক বিভাগীয় মামলা নং-০৮/২০১৫ রুজু করে বোর্ডের প্রবিধানমালা' ১৯৯০ এর ৩৮ (ক)(খ) ও (ঘ) প্রবিধান মোতাবেক দায়িত্ব পালনে অবহেলা, অসদাচরণ, কর্তৃপক্ষের আদেশ নির্দেশ যথাযথ পালন না করা এবং অদক্ষতার দায়ে কেন তাকে দোষী সাব্যস্ত করা যাবে না মর্মে পত্র প্রাপ্তির ১০ (দশ) কার্যদিবসের মধ্যে তার সন্তোষজনক জবাব চাওয়া হয়।

- ২। যেহেতু, তিনি গত ১৬-০৯-২০১৫ তারিখ লিখিতভাবে জবাব দাখিল করেন এবং আত্মপক্ষ সমর্থনের নিমিত্ত ০৫-০৪-২০১৬ তারিখে ব্যক্তিগত শুনানী প্রদান করেন।
- ৩। যেহেতু, অভিযুক্তের জবাব ও ব্যক্তিগত শুনানী সন্তোষজনক না হওয়ায় তাঁর উপর আরোপিত অভিযোগ তদন্ত করে প্রতিবেদন দাখিলের জন্য বোর্ডের ২২-০২-২০১৭ তারিখের স্মারক নং-বারেউবো/রাজ/প্রশা/বিভাগীয় মামলা নং-০৮/২০১৫/৮১৪ মোতাবেক তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয় এবং উক্ত তদন্ত কর্মকর্তা অভিযোগসমূহ তদন্ত পূর্বক গত ২৮-০৬-২০১৮ তারিখে এক প্রস্থ তদন্ত প্রতিবেদন দাখিল করেন।
- ৪। যেহেতু, অভিযুক্তের বিরুদ্ধে আরোপিত সাতটি অভিযোগের মধ্যে তদন্তে দুইটি অভিযোগ প্রমাণিত হয়। (১) অভিযোগ-৩: কর্তৃপক্ষের আদেশ নির্দেশের প্রতি অবজ্ঞা প্রদর্শন করা ও কর্তব্যকর্মে অবহেলার সামীল মর্মে আরোপিত ৩৮ (ক) ধারার অভিযোগ প্রমাণিত, ইহাতে অভিযুক্ত দোষী। (২) অভিযোগ-৫ এ অভিযুক্ত লিখিত জবাবে, ব্যঃ শুনানীতে ও তদন্তে স্বীকার করেছেন যে, তিনি ২/১ দিনের অর্জিত ছুটির আবেদন পত্র দাপ্তরিক পদ্ধতিতে ডকেটভুক্ত হওয়ার পর অনুমোদনের তোয়াক্কা না করেই তিনি ছুটি ভোগ করেছেন। দাপ্তরিক কাজের গুরুত্ব ও প্রাধান্য বিবেচনার পর অর্জিত ছুটি মঞ্জুর করার নিয়ম অর্থাৎ ইহা মঞ্জুর করা কর্তৃপক্ষের বাধ্যতামূলক বিষয় নয়। কাজেই অভিযুক্তের ২/১ দিন করে অর্জিত ছুটির চাহিদা পেশ কর্তৃপক্ষের নিকট বিড়ম্বনা বটে। এহেন বিড়ম্বনামূলক (অভিযুক্তের) অভ্যাস পরিহার করা সুষ্ঠু প্রশাসনের কাম্য। তাই অভিযুক্তের বিরুদ্ধে আরোপিত অভিযোগ প্রমাণিত (বিধি -৩৮(ক))। ইহাতে অভিযুক্ত দোষী।


সেহেতু, জনাব মোঃ সাইফুল ইসলাম, হিসাব রক্ষক (সাময়িক বরখাস্ত)কে একই প্রবিধানমালার ৩৯(১) (ক) (অ) প্রবিধান মোতাবেক লঘু দণ্ড "তিরস্কার" প্রদান করা হলো।


সচিব

ফোনঃ ৭৭৬২৪৭

ই-মেইল: sec.raj.15@gmail.com

জনাব মোঃ সাইফুল ইসলাম,
হিসাব রক্ষক (সাময়িক বরখাস্ত)
বর্তমানে ভোলাহাট জেনারেল রেশম সম্প্রসারণ
কার্যালয়, চাঁপাইনবাবগঞ্জ।



অনুস্মরণে

- ১। সদস্য (অর্থ ও পরিকল্পনা)/(সম্প্রসারণ ও প্রেষণা), বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড, রাজশাহী।
- ২। প্রধান হিসাব রক্ষক কর্মকর্তা/প্রধান সম্প্রসারণ কর্মকর্তা, বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড, রাজশাহী।
- ৩। উর্দ্ধতন উপ-প্রধান সমন্বয়/নির্বাহী প্রকৌশলী/ উপ-প্রধান নিরীক্ষক, বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড, রাজশাহী।
- ৪। উপ-পরিচালক, আঞ্চলিক রেশম সম্প্রসারণ কার্যালয়, রাজশাহী/যশোর।
- ৫। সহকারী সচিব (প্রশাঃ), বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড, রাজশাহী। দন্ডদেশটি তাঁর ব্যক্তিগত নথি / চাকুরী বিবরণীতে লিপিবদ্ধ করতে হবে।
- ৬। সহকারী পরিচালক, জেনারেল রেশম সম্প্রসারণ কার্যালয়, ভোলাহাট, চাঁপাইনবাবগঞ্জ।
- ৭। মহাপরিচালক মহোদয়ের একান্ত সহকারী, বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড, রাজশাহী। আদেশটি ওয়েব সাইটে প্রকাশসহ মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য।
- ৮। অফিস আদেশ নথি/সংশ্লিষ্ট নথি/ব্যক্তিগত নথি।